দর্শনায় চুরি হওয়া ইজিবাইকসহ গ্রেফতার-২

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের নির্দেশে মামলার ৬ ঘন্টার মধ্যে দর্শনা রেল বাজার থেকে চুরি হওয়া ইজিবাইক যশোর জেলার চৌগাছা থেকে উদ্ধার করেছে দর্শনা থানা পুলিশ। সেই সাথে গ্রেপ্তার করা হয়েছে ২ চোর চক্রের সদস্যকে।

পুলিশ সূত্রে জানা যায় চুয়াডাঙ্গা সদর থানাধীন পৌরসভার ইসলামপাড়া গ্রামের মৃত রফিকুল আলম এর ছেলে রোকনুজ্জামান খাঁন
(২৪) গত সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে দর্শনা রেলবাজার সংলগ্ন গোল্ডেন লাইন পরিবহন কাউন্টারের সামনে তার নিজ ইজি বাইক রেখে ব্যক্তিগত কাজে পাশের একটি দোকানে যাই। এসময় কাউন্টারের সামনের পাকা রাস্তার উপর হতে চোর চক্রের সদস্যরা ইজিবাইকটি চুরি করে নিয়ে যায়।

এ সময় ইজিবাইক মালিক কোন দিশা না পেয়ে দর্শনা থানায় একটি লিখিত অভিযোগ করে। অভিযোগের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে এসআই(নিঃ) নীতিশ বিশ্বাস সঙ্গীয় ফোর্সসহ তথ্য প্রযুক্তির সহায়তা এবং গোপন সংবাদের মাধ্যমে গতকাল রাত দুইটার দিকে অভিযান পরিচালনা করেন যশোর জেলার চৌগাছা থানাধীন ব্রাকপাড়া গ্রামস্থ জেএমআই অটোগ্যাস ফিলিং ষ্টেশন এর সামনে পাকা রাস্তার উপর। এসময় উক্তো চুরি হওয়া ইজিবাইকসহ দুইজন আসামিকে গ্রেফতার করে পুলিশ।

গ্রেফতারকৃত আসামিরা হলেন যশোর জেলায় কোতয়ালী থানার রামনগর গ্রামের পুকুর কুল ধোপপাড়ার সাকের আলীর ছেলে ইউসুফ আলী (১৯) ও একই থানার তোলা গোলদারপাড়ার সাত্তার গাজীর ছেলে রেজাউল গাজী (৪৪)।

গ্রেফতারকৃত আসামীদের জেল হাজতে প্রেরন করেছে পুলিশ।